# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

### সৃজনশীল প্রশ্ন

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ৩৫ মিনিট পূর্ণমান — ৫০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।*

**১.▶** দবির ও তার ক্লাসের কয়েকজন বন্ধু মিলে মাঝে মাঝে ফসলের মাঠ পরিদর্শনে যায়। একবার তারা মাঠে গিয়ে দেখল কৃষকরা ধান চাষের জন্য জমি তৈরী করছেন। তারা বুঝতে পারলো যে, ভিন্ন ভিন্ন ফসলের জন্য জমি ভিন্ন ভিন্ন ভাবে প্রস্তুত করা হয়।

ক. ভূমি কর্ষণ কাকে বলে? ১

খ. আলু চাষের জন্য কীভাবে জমি চাষ করা হয়? ২

গ. দবিরের পরিদর্শনে যাওয়া মাঠের ঐ মাটির কী কী বৈশিষ্ট্য থাকা উচিৎ বর্ণনা কর। ৩

ঘ. ভিন্ন ভিন্ন ফসলের জন্য জমি ভিন্ন ভিন্ন ভাবে চাষ করতে হয় তোমার উত্তরের পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

**২.▶** জাফর আলী এইচএসসি পাশের পর যুব উন্নয়ন প্রশিক্ষণ থেকে মৎস্য চাষে কারিগরি শিক্ষা গ্রহণ করেন। তিনি তার বাবার পতিত জমিতে নতুন পুকুর কাটেন এবং পুরানো পুকুরটি জলজ আগাছা দূরীকরণের ব্যবস্থা নেন। নতুন পুকুরটি আদর্শ হিসাবে গড়ে তোলাতে তিনি মাছ চাষে লাভবান হন।

ক. পুকুর কাকে বলে? ১

খ. পুকুরের পাড় মেরামত করার প্রয়োজন কেন? ২

গ. জাফর আলী কীভাবে পুরানো পুকুরটি মাছ চাষের উপযুক্ত করবেন? বর্ণনা কর। ৩

Teachingbd24.com
https://teachingbd24.com

ঘ. মাছ চাষে লাভবান হওয়ার জন্য নতুন পুকুরটি খনন করা হয়েছিল-উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৩.▶ কৃষক সোনা মিয়া এ বছর একটি ডালের চাষ করেছেন, যা দেশের মোট উৎপাদিত ডালের ৯%-১১%। তবে তার চাষকৃত ডালের ভালো ফলন হয়নি। তার বসতি এলাকা চাঁপাইনবাবগঞ্জে এর ব্যাপক চাষ হয়।

ক. ডাল জাতীয় ফসল কাকে বলে? ১

খ. ডাল জাতীয় ফসলে অতিরিক্ত নাইট্রোজেনযুক্ত সার প্রয়োগ করতে হয় না কেন? ২

গ. কৃষক সোনা মিয়া চাষকৃত ফসলের জন্য কী ধরনের জমি নির্বাচন করবেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. সোনা মিয়ার চাষকৃত ফসলের তিনটি রোগের নামসহ এর প্রতিকার উপস্থাপন কর। ৪

৪.▶ মকবুল সাহেবের বাড়ি দিনাজপুর জেলায়। গত বছর নিম্ন তাপমাত্রার কারণে বোরো মৌসুমে স্থানীয় জাতের ধান চাষ করে তিনি ব্যর্থ হন। এ বছরেও ঐ অঞ্চলের তাপমাত্রা ১৫° সেলসিয়াসের নিচে নেমে যাওয়ার সম্ভাবনা দেখা দিলে মকবুল সাহেবকে স্থানীয় কৃষি কর্মকর্তা শৈত্য সহিষ্ণু জাতের ধান চাষ করার পরামর্শ দেন।

ক. খরা কী? ১

খ. জলবায়ু পরিবর্তনের ফলে সৃষ্ট একটি বিরূপ অবস্থা ব্যাখ্যা কর। ২

গ. কৃষি কর্মকর্তা মকবুল সাহেবকে কেন উল্লিখিত জাতের ধান চাষ করতে বলেন? বর্ণনা কর। ৩

Teachingbd24.com

https://teachingbd24.com

ঘ. ফসল উৎপাদনে উল্লিখিত আবহাওয়া ও জলবায়ুর উপাদানটির প্রভাব আলোচনা কর। ৪

৫.▶ শিক্ষার্থীরা পাটের অর্থনৈতিক গুরুত্ব সম্পর্কে প্রতিবেদন লিখল। প্রতিবেদনের মূল বিষয়ের পাশাপাশি নিম্নোক্ত বিষয়গুলো তারা উল্লেখ করল।

(A) জাগ দেওয়া (B) আঁশ ছাড়ানো

ক. দেশী পাট কোন মাসে কাটতে হয়? ১

খ. পাটের আঁশ ছাড়ানো ও শুকানোর পদ্ধতি লিখ। ২

গ. উদ্দীপকের B পদ্ধতিটি ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের A কাজটি ঠিকমত করলে আঁশের গুণগতমান ভালো হয়-উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৬.▶ ভাতগ্রামের মাজেদ সাহেব একজন বৃক্ষপ্রেমিক মানুষ। তিনি বসতভিটা ও পতিত জমিতে অনেকদিন ধরে বিভিন্ন প্রজাতির গাছের চারা লাগিয়ে আসছেন। বিভিন্ন প্রজাতির উদ্ভিদ সম্পর্কে তার জানার আগ্রহ অনেক দিনের। তাই এবার শীতকালীন ছুটিতে তিনি দেশের বিভিন্ন অঞ্চলের সমতল ভূমির বন ঘুরে আসেন।

ক. বর্তমানে এ দেশের মোট বনভূমির আয়তন কত? ১

খ. ম্যানগ্রোভ বনের উদ্ভিদের একটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. মাজেদ সাহেবের দেখা বনাঞ্চলটির বর্ণনা দাও। ৩

Teachingbd24.com

ঘ. মাজেদ সাহেবের কার্যক্রম দেশের প্রাকৃতিক ভারসাম্য ও অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে- উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ কামাল একজন মৎস্যচাষী ও পোনা উৎপাদনকারী। কিন্তু জলবায়ু পরিবর্তনের ফলে তার হ্যাচারিতে ডিম ও পোনা উৎপাদন ব্যাহত হচ্ছে।

ক. মৎস্য আহরণে বাংলাদেশের অবস্থান কত? ১

খ. প্রাকৃতিক মাছের উৎপাদন কেন হ্রাস পাচ্ছে? ২

গ. কামালের হ্যাচারিটি যে সমস্যায় পড়েছে তা অনুসন্ধান করে ব্যাখ্যা কর।৩

ঘ. অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে জলবায়ুর পরিবর্তনের কিরূপ প্রভাব আলোচনা কর। ৪

৮.▶ মহিনুর একজন শিক্ষিত যুবক। তিনি চাকুরি না পেয়ে ব্যবসা করার চিন্তা করেন। তিনি তার এক বন্ধুর পরামর্শে পারিবারিক দুগ্ধ খামার স্থাপনের উদ্যোগ নেন। তিনি প্রয়োজনীয় অর্থের জন্য ব্যাংক থেকে ঋণ নেন এবং উন্নতজাতের গাভি ক্রয় করে খামারের কাজ শুরু করেন।

ক. দুধ দোহন কাকে বলে? ১

খ. তাপমাত্রা ও সময় উল্লেখ করে দুধ পাস্তুরিকরণের প্রকারভেদ লিখ? ২

গ. মহিনুর তার খামার স্থাপনে কী কী বিষয় অনুসরণ করবেন? বর্ণনা কর। ৩

ঘ. আমাদের দেশের প্রেক্ষাপটে মহিনুরের খামার স্থাপনের বিষয়টি মূল্যায়ন কর। ৪

teachingbd24.com

# কৃষিশিক্ষা

## বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ২৫ মিনিট　　পূর্ণমান — ২৫　　বিষয় কোড: | ১ | ৩ | ৪ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. কৃষকের ভাষায় কত সে.মি. গভীর স্তরকে মাটি বলে?
ⓚ ৮-১০　ⓛ ১০-১২
ⓜ ১২-১৫　ⓝ ১৫-১৮

২. রোপা আমন কোন ঋতুর ফসল?
ⓚ খরিপ-১　ⓛ খরিপ-২
ⓜ বোরো　ⓝ রবি

৩. কোনটি খরা সহিষ্ণু ফসল?
ⓚ মরিচ　ⓛ তরমুজ
ⓜ আলু　ⓝ টমেটো

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও :**

মিলনের পুকুরটি ৫ মিটার গভীর। এটির পানি কখনো শুকায় না। তবে পুকুরটিতে মৃগেল ও কালবাউশ মাছের বৃদ্ধি কম।

৪. মিলনের পুকুরটির পানি কোন ধরনের গুণাগুণ নির্দেশ করে?
ⓚ জৈবিক　ⓛ রাসায়নিক
ⓜ ভৌত　ⓝ যান্ত্রিক

৫. পুকুরটিতে উল্লিখিত মাছগুলোর বৃদ্ধি কম হওয়ার কারণ—
i. প্লাংকটন তৈরি হয় না
ii. সেখানে অক্সিজেনের অভাব
iii. মাছের খাদ্য সরবরাহ করা হয়নি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ ii ও iii
ⓜ i ও iii　ⓝ i, ii ও iii

৬. কোনটি জু-প্লাংকটন?
ⓚ এনাবেনা　ⓛ ক্লোরেলা
ⓜ কপিপোড　ⓝ পেডিয়েন্টাম

৭. কোন উদ্ভিদের মূলে রাইজোবিয়াম থাকে?
ⓚ ধান　ⓛ গম
ⓜ পাট　ⓝ ইপিল-ইপিল

৮. গমের খরা সহিষ্ণু জাত—
i. আদিত্য
ii. প্রদীপ
iii. গৌরব
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓛ ii ও iii
ⓜ i ও iii　ⓝ i, ii ও iii

৯. বি আর ২২ ধানের অপর নাম কী?
ⓚ কিরণ　ⓛ দিশারী
ⓜ গাজী　ⓝ বিপ্লব

১০. মাটির উপরে গাছের সম্পূর্ণ অংশ উপড়ে ফেলাকে কী বলে?
ⓚ হাম পুলিং　ⓛ রোগিং
ⓜ বাছাইকরণ　ⓝ কাটিং

১১. ব্রি ধান ৫৫ অনুমোদন লাভ করে কত সালে?
ⓚ ২০০৮　ⓛ ২০০৯
ⓜ ২০১০　ⓝ ২০১১

১২. রুই জাতীয় মাছের জন্য আদর্শ তাপমাত্রা কত?
ⓚ ১৫-২০　ⓛ ২০-২৫
ⓜ ২৫-৩০　ⓝ ৩০-৩৫

Teachingbd24.com

১৩. ব্রি-এ পর্যন্ত কতটি উফশী ধানের জাত উদ্ভাবন করেছে?

ⓚ ৬১ ⓚ ৬০
ⓖ ৫৯ ⓖ ৫৯

ক ৬১ খ ৬০
গ ৫৯ ঘ ৫৯

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও :

আবুলের বাড়িতে একটি শাখা-প্রশাখাযুক্ত ঔষধি বৃক্ষ আছে। তার বীজের শাঁস চিবিয়ে খেলে হাঁপানি রোগ সারে।

১৪. আবুলের বাড়িতে কোন উদ্ভিদটি আছে?

ক বাসক খ বহেড়া
গ তুলসী ঘ কালোমেঘ

১৫. আবুলের বাড়িতে থাকা বৃক্ষটির-

i. ফল কোষ্ঠকাঠিন্যে উপকারী
ii. ছালের রসে হৃদরোগ সারে
iii. বীজ থেকে প্রাপ্ত তেল মাথা ঠান্ডা রাখে ও চুল পড়া বন্ধ করে

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৬. সরিষার খৈলে শতকরা কত ভাগ আমিষ থাকে?

ক ২৫ খ ৩০
গ ৩৫ ঘ ৪০

১৭. আনারস চাষের জন্য সবচেয়ে ভালো–

i. ভুঁয়ে চারা ii. মুকুট চারা
iii. পার্শ্ব চারা

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. কোন উদ্ভিদের বীজ গাছ থেকে ঝরে পড়ার ২৪ ঘণ্টার মধ্যে রোপণ করতে হয়?

ক গরান খ গর্জন
গ রেইনট্রি ঘ মেহগনি

১৯. সমতলভূমির পরিমাণ কত লক্ষ হেক্টর?

ক ১.২৩ খ ২.২৩
গ ৩.২৩ ঘ ৪.২৩

২০. নার্সারিতে জীবন্ত গাছের বেড়া হিসেবে কোনটি ব্যবহার করা হয়?

ক শিয়ালকাটা খ বিষকাটালি
গ দূরন্ত ঘ রঙ্গন

২১. সিসিএ তে কপার অক্সাইড এর পরিমাণ কত ভাগ?

ক ১৮.৫ খ ২০.৫
গ ২২.৫ ঘ ২৪.৫

২২. দীর্ঘ আবর্তনকালের বৃক্ষ হলো–

i. মেহগনি, তেলসুর
ii. আম, হরিতকী iii. কাঁঠাল, জাম

নিচের কোনটি সঠিক?

ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৩. কৃষিকাজের জন্য সবচেয়ে নিরাপদ পানি কোনটি?

ক নলকূপ খ নদীর পানি
গ জলাধার ঘ পুকুরের পানি

২৪. প্যাকিং নির্ভর করে কোনটির উপর?

ক আবহাওয়া খ পরিবেশ
গ উৎপাদন ঘ পণ্য

২৫. পারিবারিক পোল্ট্রি খামার পরিচালনার জন্য কোনটি প্রয়োজন?

ক প্রশিক্ষণ খ অভিজ্ঞতা
গ মূলধন ঘ স্বচ্ছতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | ঘ | ৪ | গ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | ক |
| | ১৪ | খ | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | | |

Teachingbd24.com